

অধিবেশন নং- ০৪/২০২৪

পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত সদস্যগণের নাম (ক্রমানুসারে)

ক্রঃনং	উপস্থিত সদস্যগণের নাম	পদবী	স্বাক্ষর
০১	উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, কামারখন্দ, সিরাজগঞ্জ	সভাপতি	স্বাক্ষরিত
০২	উপজেলা ভাইস চেয়ারম্যান, কামারখন্দ, সিরাজগঞ্জ	সদস্য	"
০৩	চেয়ারম্যান, ভদ্রঘাট ইউনিয়ন পরিষদ, কামারখন্দ, সিরাজগঞ্জ	"	"
০৪	চেয়ারম্যান, বাত্রীল ইউনিয়ন পরিষদ, কামারখন্দ, সিরাজগঞ্জ	"	"
০৫	চেয়ারম্যান, জামতৈল ইউনিয়ন পরিষদ, কামারখন্দ, সিরাজগঞ্জ	"	"
০৬	চেয়ারম্যান, রায়দৌলতপুর ইউনিয়ন পরিষদ, কামারখন্দ, সিরাজগঞ্জ	"	"
০৭	উপজেলা শিক্ষা অফিসার, কামারখন্দ, সিরাজগঞ্জ	সদস্য সচিব	"

উপজেলা প্রাথমিক শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ

তারিখ : ২২/০২/২০২৪ খ্রিঃ সময় : ২.০০ ঘটিকা


সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।

অদ্য ২২/০২/২০২৪ খ্রিঃ বেলা ২.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কামারখন্দ, সিরাজগঞ্জ মহোদয়ের সভাপতিত্বে উপজেলা প্রাথমিক শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানান। অতঃপর নিম্নে বিষয়ের উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

(১) উপজেলা শিক্ষা অফিসার, কামারখন্দ সভায় জানান যে, অত্র উপজেলার প্রায় ৮৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৩য় শ্রেণী থেকে ৫ম শ্রেণীর ছাত্র/ছাত্রীর মধ্যে বিভিন্ন শিক্ষাপোষণ প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে প্রতি বিদ্যালয়ের জন্য ১০,০০০/- করে সর্বমোট = ৮,৩০,০০০/- (আট লক্ষ ত্রিশ হাজার) টাকা বরাদ্দের জন্য উপজেলা পরিষদকে সুপারিশ করা হয়।

(২) উপজেলা শিক্ষা অফিসার, কামারখন্দ সভায় জানান যে, অত্র উপজেলার জয়েন বড়খুল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠটি নদীর ধারে হওয়ায় বৃষ্টির পানিতে বিদ্যালয় মাঠের কিছু অংশ ভেঙ্গে বড় ধরনের গর্ত হয়েছে। মাঠের অর্ধেকাংশ ভেঙ্গে গেছে। যাতে বৃষ্টির মৌসুমে পানি জমে থাকায় শিক্ষার্থীদের চলাফেরায় বিঘ্ন সৃষ্টি হয় মর্মে বিদ্যালয় মাঠের গর্ত ভরাট ও গাইড ওয়াল নির্মাণ করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত বিদ্যালয়টির মাঠে মাটি ভরাটের জন্য = ৫০,০০০/- টাকা এবং গাইড ওয়াল নির্মাণের জন্য সহ সর্বমোট = ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার টাকা) বরাদ্দের জন্য উপজেলা পরিষদকে সুপারিশ করা হয়।


সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

  
সদস্য সচিব

উপজেলা প্রাথমিক শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি

ও

উপজেলা শিক্ষা অফিসার  
কামারখন্দ, সিরাজগঞ্জ

  
সভাপতি

উপজেলা প্রাথমিক শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি

ও

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান  
কামারখন্দ, সিরাজগঞ্জ